



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

আল্লাহর নমনীয়তা চাও

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

বলা হয়, "কুল্লু সা'তিন কারিব", মানে, "আসন্ন সবকিছুই কাছে"। কোন কিছুই দূরে ভেবো না। তা কাছে। যত দূরেই কোন কিছু থাক না কেন, দিন দ্রুত যায় এবং তা নিশ্চিতভাবে ঘটবে। আল্লাহর অঙ্গীকার সত্য। এই পৃথিবীরও একটি শেষ আছে। মানুষের এবং সবকিছুরই শেষ আছে। কোন কিছুই পৃথিবীতে একইরকম থাকে না। আল্লাহ ব্যতীত সবকিছুই বদলায়। সবকিছুই মরনশীল। শুধু আখিরাতেই আমরা চিরজীবন থাকব ইনশাআল্লাহ।

আল্লাহর অঙ্গীকার এরকমই। অতএব, পৃথিবীর কষ্ট এবং যন্ত্রণা বহন কর এই বলে যে, "এটাও চলে যাবে", যেন তুমি স্বস্তি পেতে পারো। আমাদের উচিত আল্লাহকে বলা যেন উনি আমাদের কঠিন কোন পরীক্ষায় না ফেলেন এই বলে যে, "আল্লাহ যা চান তাই ঘটে।" অনেক সময় মানুষ অতিরিক্ত আত্মবিশ্বাসী হয়ে ওঠে এবং বলে, "আমি আল্লাহর পরীক্ষা সহ্য করতে পারবো।" তার জন্য ধৈর্যের প্রয়োজন। তাই মাশাইখগণ বলেন, "এরকম কখনো চেয়ো না!" কারণ তা বহন করা খুবই কঠিন। "তোমাদের বলা উচিত, "আল্লাহ যেন আমাদের দান করেন, পরীক্ষা না করেন।"

যদি একটি কঠিন জিনিস এবং একটি তুলনামূলকভাবে সহজ জিনিসের মধ্য থেকে বাছাই করার সুযোগ থাকত তবে, আমাদের মাতা হাযরাত আইশা (রাঃ) এর মতে, পবিত্র নাবী (সাঃ) সহজটিই বেছে নিতেন যেন তা উম্মাতের জন্যেও সহজ হয়। অতএব, আল্লাহ থেকে যা আসে তা আমাদের গ্রহণ করা উচিত। কখনো আত্মবিশ্বাসী হয়ে বোলো না, "আরও কঠিন হোক যেন আমি আরও বেশী সাওয়াব অর্জন করতে পারি", কারণ তুমি তা বহন করতে পারবে না, তুমি কিছুই করতে পারবে না। তখন আর তোমার সামান্য সাওয়াবও পাওয়া হবে না, তুমি কিছুই অর্জন করতে পারবে না।

আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহ করা ভালো নয়। আমাদের উচিত আল্লাহর কাছ থেকে রাহমাত চাওয়া। আল্লাহ আমাদের সবাইকে সহজে উনার উদারতা থেকে দান করুন ইনশাআল্লাহ। আল্লাহ সবকিছুর জন্যই সক্ষম। যা গুরুত্বপূর্ণ তা হচ্ছে আল্লাহর নমনীয়তার ভিতরে থাকা, ইনশাআল্লাহ। আল্লাহ যেন আমাদের এমন কোন বোঝা না দেন যা আমরা বহন করতে পারবো না।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্বানী এর সোহবাত

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২৪ সেপ্টেম্বর ২০১৬/২২ যুল-হিজ্জা ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।